৩২৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
স্থানীয় সরকার শাখা
www.dinajpur.gov.bd

**দিনাজপুর জেলাধীন বীরগঞ্জ ও খানসামা উপজেলার মধ্যবর্তী আন্তঃ উপজেলা জয়গঞ্জ ফেরিঘাট বাংলা ১৪৩২ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী**

আহবায়ক : মোঃ রফিকুল ইসলাম
জেলা প্রশাসক, দিনাজপুর

সভার তারিখ : ১২ মার্চ, ২০২৫ খ্রি.
সভার সময় : বেলা ২.৩০ ঘটিকা
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (কাঞ্চন-১)

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ**

১। জনাব মোঃ রিয়াজ উদ্দিন, উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
২। জনাব মোঃ মোখলেছুর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর
৩। জনাব মোঃ কামরুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর
৪। জনাব তানভীর আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর
৫। জনাব মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর
৬। জনাব মতিয়ার রহমান, চেয়ারম্যান, ৩ নং শতগ্রাম ইউনিয়ন পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর

সভার শুরুতে সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর কমিটির সদস্য সচিব উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুরকে বিষয় ভিত্তিক আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। তিনি জানান যে, বীরগঞ্জ ও খানসামা উপজেলার মধ্যবর্তী আন্তঃউপজেলা জয়গঞ্জ ফেরিঘাট বাংলা ১৪৩২ সনে ইজারা প্রদানের উদ্দেশ্যে ১ম দফায় দরপত্র দাখিলের জন্য ০৫/০৩/২০২৫ খ্রি. তারিখ নির্ধারণ করা হয়েছিল। নির্ধারিত তারিখে স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বীরগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খানসামা, দিনাজপুর এ দরপত্র বক্স রাখা হয়। দরপত্র বাক্স উন্মুক্ত কমিটি কর্তৃক প্রাপ্ত তথ্য মতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খানসামা দিনাজপুর এর রক্ষিত দরপত্র বাক্সে কোন দরপত্র দাখিল হয়নি। শুধুমাত্র স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর রক্ষিত দরপত্র বাক্সে ২ (দুই) টি দরপত্র দাখিল হয়েছে। প্রাপ্ত দরপত্র দু'টির বর্ণনা নিম্নরূপ:

| ক্রম | দরদাতার নাম ও ঠিকানা | বাংলা ১৪৩২ সনের সরকারি ইজারা মূল্য | প্রদত্ত দর | জামানতের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | নাম- মোঃ আনোয়ারুল হক<br>পিতার নাম- মো: মনছুর আলী<br>গ্রাম- আলোকঝাড়ী, ডাকঘর- জয়গঞ্জ<br>উপজেলা- খানসামা, জেলা- দিনাজপুর | ১৮,৪৮,০০০/- | ২২,০২,৫০০/- | ৫,৫১,০০০/- | ১ম সর্বোচ্চ দরদাতা |
| ২ | নাম- মো: হাবিবুর রহমান<br>পিতা- মৃত ইছাহাক আলী<br>গ্রাম- বলদিয়াপাড়া, ডাকঘর- জয়গঞ্জ<br>উপজেলা- খানসামা, জেলা- দিনাজপুর | ১৮,৪৮,০০০/- | ১৯,২০,০০০/- | ৪,৯০,০০০/- | ২য় সর্বোচ্চ দরদাতা |

চলমান-২

CamScanner

২। প্রাপ্ত দরপত্র ২ (দুই) টি সভায় যাচাই বাছাই করা হয়। বর্ণিত ফেরিঘাটটি'র বাংলা ১৪৩২ সনের সরকারি মূল্য ১৮,৪৮,০০০/- টাকা। ১ম সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ আনোয়ারুল হক, পিতা- মোঃ মনছুর আলী, সাং- আলোকঝাড়ী, ডাকঘর- জয়গঞ্জ, উপজেলা- খানসামা, জেলা- দিনাজপুর কর্তৃক ২২,০২,৫০০/- (বাইশ লক্ষ দুই হাজার পাঁচশত) টাকার দর দাখিল করা হয়েছে। তার দাখিলকৃত দর সরকারি মূল্য অপেক্ষা বেশী এবং তিনি ইজারা বিজ্ঞপ্তির শর্তানুযায়ী দাখিলকৃত দরের ২৫% হিসেবে ৫,৫১,০০০/- (পাঁচ লক্ষ একান্ন হাজার) টাকার বিডি জমা করেছেন। ৫,৫১,০০০/- (পাঁচ লক্ষ একান্ন হাজার) টাকার বিপরীতে তার দাখিলকৃত ৩টি বিডি হলো-

(i) টাকা = ৪,৬৩,০০০/-, পিওই ৩২২৭০৩৪, তারিখ- ০২/০৩/২০২৫ খ্রি., সোনালী ব্যাংক লি., বীরগঞ্জ শাখা, দিনাজপুর;
(ii) টাকা = ৭৫,৫০০/-, পিওএইচ ০৮৪৩৬৫০, তারিখ: ০৪/০৩/২০২৫ খ্রি., সোনালী ব্যাংক পিএলসি, কোর্ট বিল্ডিং শাখা, দিনাজপুর এবং
(iii) টাকা = ১২,৫০০/-, পিওএইচ ০৮৪৩৬৮৭, তারিখ: ০৫/০৩/২০২৫ খ্রি., সোনালী ব্যাংক পিএলসি, কোর্ট বিল্ডিং শাখা, দিনাজপুর।

৩। ২য় সর্বনিম্ন দরদাতা জনাব মো: হাবিবুর রহমান, পিতা- মৃত ইছাহাক আলী, গ্রাম- জয়গঞ্জ, ডাক- জয়গঞ্জ, উপজেলা- খানসামা, জেলা- দিনাজপুর কর্তৃক ১৯,২০,০০০/- (উনিশ লক্ষ বিশ হাজার) টাকার দর দাখিল করা হয়েছে। তার দাখিলকৃত দর সরকারি মূল্য অপেক্ষা বেশি এবং তিনি ইজারা বিজ্ঞপ্তির শর্তানুযায়ী দাখিলকৃত দরের ২৫% হিসেবে ৪,৯০,০০০/- (চার লক্ষ নব্বই হাজার) টাকার বিডি জমা করেছেন। ৪,৯০,০০০/- (চার লক্ষ নব্বই হাজার) টাকার বিপরীতে তার দাখিলকৃত ২টি বিডি হলো-

(i) টাকা = ২,০০,০০০/-, ডিডিবি ০৮১১৯৬২, তারিখ- ০২/০৩/২০২৫ খ্রি., সোনালী ব্যাংক লিমিটেড, খানসামা শাখা, দিনাজপুর এবং
(ii) টাকা = ২,৯০,০০০/-, ডিডিবি ০৮১১৯৬৩, তারিখ- ০৪/০৩/২০২৫ খ্রি., সোনালী ব্যাংক লিমিটেড, খানসামা শাখা, দিনাজপুর।

৪। ১ম সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ আনোয়ারুল হক, পিতা- মোঃ মনছুর আলী, সাং-আলোকঝাড়ী, ডাকঘর- জয়গঞ্জ, উপজেলা- খানসামা, জেলা- দিনাজপুর এর দাখিলকৃত দর সরকারি মূল্য অপেক্ষা বেশি ও ২য় সর্বোচ্চ দরদাতার চেয়ে বেশি হওয়ায় এবং ফেরিঘাট ইজারা বিজ্ঞপ্তির সকল শর্ত প্রতিপালিত হওয়ায় উক্ত দরদাতার অনুকূলে বীরগঞ্জ ও খানসামা উপজেলার মধ্যবর্তী আন্তঃ উপজেলা জয়গঞ্জ ফেরিঘাট ইজারা প্রদান করা যেতে পারে মর্মে একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত :** বীরগঞ্জ ও খানসামা উপজেলার মধ্যবর্তী আন্তঃ উপজেলা জয়গঞ্জ ফেরিঘাটটি ইজারা গ্রহণের জন্য জনাব মোঃ আনোয়ারুল হক, পিতা- মনছুর আলী, সাং- আলোকঝাড়ী, ডাকঘর- জয়গঞ্জ, উপজেলা- খানসামা, জেলা- দিনাজপুর কর্তৃক দাখিলকৃত দর সরকারি মূল্য অপেক্ষা বেশি ও সর্বোচ্চ হওয়ায় তার অনুকূলে বাংলা ১৪৩২ সনের জন্য ইজারা প্রদান এবং ২য় সর্বোচ্চ দরদাতার জামানতের বিডি/পে অর্ডার ফেরত প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭/০৩/২০২৫

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা প্রশাসক
ও
আহবায়ক
আন্তঃ উপজেলা ফেরিঘাট ইজারা ব্যবস্থাপনা কমিটি
দিনাজপুর

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
স্থানীয় সরকার শাখা
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০০৯.০৫.০৩৮.২৫-২০১৬

তারিখ: ১৬ ~~ফাল্গুন~~ চৈত্র ১৪৩১ / ২৭ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর
২। উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ / খানসামা, দিনাজপুর
৩। সহকারী কমিশনার (ভূমি), বীরগঞ্জ / খানসামা, দিনাজপুর
৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। চেয়ারম্যান, শতগ্রাম ইউনিয়ন পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর / চেয়ারম্যান, আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর
৬। অফিস কপি

২৭/০৩/২০২৫

মোঃ রিয়াজ উদ্দিন
উপপরিচালক, স্থানীয় সরকার
ও
সদস্য সচিব
আন্তঃ উপজেলা ফেরিঘাট ইজারা ব্যবস্থাপনা কমিটি
দিনাজপুর

CamScanner